

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
টাঙ্গাইল সদর, টাঙ্গাইল  
www.tangailsadar.tangail.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৯৩৯৫.০০০.৪৪.০২২.২৩- ১২২৪

তারিখ: ২৫ আশ্বিন ১৪৩১  
১০ অক্টোবর ২০২৪

**বিষয় : সকল পূজা মন্ডপের স্বেচ্ছাসেবীদের ডিউটি বন্টনের তালিকা সংগ্রহপূর্বক পিডিএফ কপি হোয়াটঅ্যাপের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বিগত ২৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখ জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষ্যে আয়োজিত প্রস্তুতিমূলক সভা এবং উপজেলা প্রশাসন, টাঙ্গাইল সদর কর্তৃক বিগত ০৩ অক্টোবর ২০২৪ তারিখের আয়োজিত প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত অনুযায়ী মন্দিরের নিরাপত্তার স্বার্থে আইন শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি প্রতিটি পূজা মন্ডপে পূজা কমিটির পক্ষ থেকে দিনের বেলায় ০৩ জন ও রাতের বেলায় ০৪ জন করে স্বেচ্ছাসেবীর দায়িত্ব বন্টন করে পাহারা নিশ্চিত করার জন্য এবং প্রতিটি মন্ডপে একটি করে রেজিস্টার রাখার নির্দেশনা প্রদান করা হয় যেখানে কর্তব্যরত স্বেচ্ছাসেবীগণ তাদের আগমন ও প্রস্থানের সময় উল্লেখপূর্বক স্বাক্ষর প্রদান করবেন।

০২। এমতাবস্থায় মন্দিরের নিরাপত্তার স্বার্থে প্রতিটি পূজা মন্ডপ কমিটি কর্তৃক বন্টনকৃত স্বেচ্ছাসেবীদের তালিকা সংগ্রহপূর্বক পিডিএফ কপি হোয়াটঅ্যাপের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য পৌরসভা এবং ইউনিয়ন পর্যায়ে ভিজিল্যান্স টীমে দারিত্বপালনরত সকল দায়িত্বশীল কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো। (বিষয়টি অত্যন্ত জরুরী)

জনাব

.....

টাঙ্গাইল সদর, টাঙ্গাইল

ও

পৌরসভা এবং ইউনিয়ন পর্যায়ে ভিজিল্যান্স টীমে দারিত্বপালনরত দায়িত্বশীল কর্মকর্তাগণকে



মো: রুহুল আমিন শরিফ  
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)  
টাঙ্গাইল সদর, টাঙ্গাইল